

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
মাগুরা সদর, মাগুরা

স্মারক নংঃ ১৩.০৫.৫৫০০.০০৮.৪৫.০০১.২২-১৪২/ক

তারিখঃ ১৩/০৩/২০২২ খ্রিঃ

বিষয়ঃ নিয়োগপত্র।

সূত্রঃ খাদ্যবান্ধব কর্মসূচীর উপজেলা কমিটির ১৩/০৩/২০২২ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ১৩/০৩/২০২২ খ্রিঃ তারিখে উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা এর সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত উপজেলা খাদ্যবান্ধব কর্মসূচীর ডিলার নিয়োগ কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সর্বসম্মতিক্রমে ০৭ নং মধী ইউনিয়নের ভাবনহাটি বাজারে ০১(এক) জন খাদ্যবান্ধব কর্মসূচীর ডিলার হিসাবে নিম্ন হকে বর্ণিত ব্যক্তিকে নিয়োগ দেওয়া হলো।

ক্রঃ নং	ইউনিয়ন	বিক্রয়ের স্থান	ডিলারের নাম
০১	মধী	ভাবনহাটি বাজার মাগুরা সদর, মাগুরা	শামসুর নাহার রুবী পিতাঃ মৃত শওকত আলী মোল্যা

শর্তাবলীঃ

- ১) ডিলারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পে-অর্ডার ফেরতযোগ্য আকারে জামানত এবং ৩০০/- টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে।
- ২) ডিলারকে খাদ্যশস্য ও খাদ্যসামগ্রী ব্যবসার জন্য খাদ্য বিভাগের লাইসেন্স গ্রহণ করতে হবে।
- ৩) খাদ্যবান্ধব কর্মসূচীর নীতিমালা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ৪) সপ্তাহে মঙ্গলবার, বুধবার ও বৃহঃস্পতিবার সকাল ১০.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত দোকান খোলা রেখে চাল বিক্রি করতে হবে।
- ৫) কার্ড প্রতি ৩০ কেজি চাল বিক্রয় করতে হবে এবং বিক্রিত চালের মাস্টাররোল তৈরী করতে হবে।
- ৬) তদারকী কর্মকর্তার উপস্থিতিতে চাল বিক্রয় শুরু করতে হবে। তদারকী কর্মকর্তা বিক্রয়ের স্থানে দিনের হিসাবযোগ্য চালের বস্তা ও পরিমাণ সম্পর্কে অবগত হয়ে বিক্রয়ের আদেশ দিবেন। এছাড়া দিন শেষে বিক্রয়ের পর তদারকী কর্মকর্তা বিক্রিত চালের মাস্টাররোল ও মজুদ চাল যাচাই করে রেজিস্টারে স্বাক্ষর করবেন।
- ৭) চাল প্রতি কেজি ৮.৫০ টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানোর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে জমা দিয়ে প্রতি কেজি চাল ১০.০০ টাকা দরে বিক্রয় করতে হবে।

(মোঃ হাফিজুর রহমান)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মাগুরা সদর, মাগুরা

স্মারক নংঃ ১৩.০৫.৫৫০০.০০৮.৪৫.০০১.২২-১৪২/ক

তারিখঃ ১৩/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য-

- ১) মাননীয় সংসদ সদস্য, মাগুরা-০১।
- ২) উপজেলা চেয়ারম্যান, মাগুরা সদর, মাগুরা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা, সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কর্মসূচীর ডিলার নিয়োগ কমিটি।
- ৪) উপজেলা কৃষি কর্মকর্তা, সদস্য।
- ৫) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদস্য।
- ৬) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সদস্য।
- ৭) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদস্য।
- ৮) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদস্য।
- ৯) রূপক আইচ, সাংবাদিক, সদস্য।
- ১০) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদস্য সচিব, উপজেলা খাদ্যবান্ধব কর্মসূচীর ডিলার নিয়োগ কমিটি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
মাগুরা সদর, মাগুরা